

শিক্ষার মূল লক্ষ্য ভাল

মানুষ হওয়া ॥

অর্থমন্ত্রী

নিজস্ব সংবাদদাতা, পাবনা, ১ মার্চ ॥ রবিবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবীন-বরণ, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, শিক্ষার মূল লক্ষ্য ভাল মানুষ হওয়া। বিশ্ববিদ্যালয় হলো জ্ঞান আহরণের জায়গা। এখান থেকে সবাইকে মূল্যবান নাগরিক হয়ে বের হতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জীবনে এমন কিছু করা যাবে না যার জন্য অন্যের দুঃখ কষ্টের সৃষ্টি হয়। তিনি শিক্ষার্থীদের সহ-শিক্ষার প্রতি গুরুত্বারোপ করেন। অর্থমন্ত্রী আরও বলেন, অনেক সীমাবদ্ধতা, দুঃখ কষ্টের মধ্যেও বাংলাদেশ উন্নয়ন ও অগ্রগতির পথে দ্রুত এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে স্বল্পোন্নত বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। দেশে দারিদ্র্য ও ধনী-গরিবের বৈষম্য দিন দিন কমছে। মানুষের জীবন যাত্রার মানের পরিবর্তন হওয়ায় ভাগ্যের পরিবর্তন হচ্ছে। আমাদের সীমিত সম্পদের সঠিক ব্যবহার করতে হবে। তথ্যপ্রযুক্তি খাতে ব্যাপক অগ্রগতি সাধিত হচ্ছে। বর্তমানে বাংলাদেশে ১৩ কোটি মোবাইল ব্যবহারকারী। বাংলাদেশে গ্যামেন্টস নিয়ে তেমন সমস্যা নেই। বিনিয়োগ খুবই ভাল অবস্থানে আছে। তিনি বলেন, প্রতিটি জেলায় একটি করে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার পরিকল্পনা আছে।

পরিবারের সদস্যদের হত্যার হুমকি দিয়ে আসছে আসামিরা। একপর্যায়ে গত ২২ জানুয়ারি হত্যাকাণ্ডের শিকার হয় রুস্তমের ভাই হুমায়ুন। পুলিশ তার ক্ষত-বিক্ষত লাশ উদ্ধার করে। এ হত্যাকাণ্ডেও ওই চক্রটি জড়িত বলে তিনি জানান। এ ঘটনায় ২৩ জানুয়ারি রুস্তমের ভাই আওরঙ্গজেব বাদী হয়ে ১৩ জনের বিরুদ্ধে মামলা করেন। হত্যাকাণ্ডের পর প্রায় ৪০ দিন পার হলেও মামলার ৫ নম্বর আসামি বাবলুর রহমান ছাড়া কেউ গ্রেফতার হয়নি। বরং হত্যা মামলার আসামিদের হুমকিতে চরম নিরাপত্তাহীনতায় রয়েছে বাদীর পরিবার। আর খুনীদের বাঁচাতে মামলার বাদী ও স্বজনদের বিরুদ্ধে মিথ্যা মামলায় চার্জশিট দেয়া হয়েছে বলেও অভিযোগ করেন রুস্তম আলী।